



## ইরান চুক্তি প্রত্যাখ্যান করলে ফের যুদ্ধ, হুঁশিয়ারি মার্কিন প্রতিরক্ষামন্ত্রীর



মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ। ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে সমঝোতা না হলে আবারও সামরিক পদক্ষেপ নেওয়ার প্রস্তুতি রয়েছে—এমন সতর্কবার্তা দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ। বৃহস্পতিবার ওয়াশিংটন ডিসিতে এক সংবাদ ব্রিফিংয়ে তিনি এ কথা জানান।

তিনি বলেন, পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলের ওপর নজরদারি জোরদার করেছে মার্কিন নৌবাহিনী এবং প্রয়োজন হলে এই নিয়ন্ত্রণ অব্যাহত থাকবে। কূটনৈতিক সমাধানের সুযোগ থাকলেও ইরান চুক্তিতে না এলে সামরিক বিকল্প প্রস্তুত রয়েছে বলেও উল্লেখ করেন তিনি।

হেগসেথ আরও দাবি করেন, যুদ্ধবিরতির সময় চীন ইরানে অস্ত্র সরবরাহ করবে না বলে যুক্তরাষ্ট্রকে আশ্বস্ত করেছে। একই সঙ্গে প্রণালিটি সচল রাখতে অন্যান্য দেশের সহযোগিতাও স্বাগত জানানো হবে বলে জানান তিনি।

তিনি বলেন, ইরানের ওপর নৌ অবরোধ প্রয়োজন অনুযায়ী দীর্ঘসময় বজায় রাখা হবে এবং চুক্তিতে চাপ বাড়াতে ইরানগামী ও সেখান থেকে ছেড়ে আসা জাহাজগুলোর ওপর নজরদারি অব্যাহত রয়েছে।

শেষে তিনি ইরানকে সতর্ক করে বলেন, উন্নয়ন ও স্থিতিশীলতার পথ বেছে নেওয়ার সুযোগ এখনও আছে। তবে ভিন্ন পথে গেলে দেশটির গুরুত্বপূর্ণ অবকাঠামো, বিদ্যুৎ ও জ্বালানি খাত হামলার ঝুঁকিতে পড়তে পারে।